গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
নগর উন্নয়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.১০৭.০৫.০০৮.২৪-১৮২

তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩৩ / ০৯ আগস্ট, ২০২৬

**বিষয়: সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ে গঠিত "টাস্কফোর্স কমিটি"র সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ে গঠিত "**টাস্কফোর্স কমিটি**"র সভা, কমিটির সভাপতি এবং মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর সভাপতিত্বে ২১ জুলাই ২০২৬ তারিখ স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৪ (চার) পৃষ্ঠা।

০৯/০৮/২০২৬

মো: রবিউল ইসলাম
যুগ্মসচিব
ফোন: ০২৫৫১০০৬৭৭
ইমেইল: urbandev2@lgd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মেয়র/প্রশাসক, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/কুমিল্লা/ময়মনসিংহ/বগুড়া/নারায়ণগঞ্জ/গাজীপুর সিটি কর্পোরেশন।
২। যুগ্মসচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ।
৩। প্রকল্প পরিচালক, "ইম্প্রুভমেন্ট অব আরবান পাবলিক হেলথ প্রিভেন্টিভ সার্ভিসেস প্রজেক্ট" শীর্ষক প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/কুমিল্লা/ময়মনসিংহ/বগুড়া/নারায়ণগঞ্জ/গাজীপুর সিটি কর্পোরেশন।
৫। প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/কুমিল্লা/ময়মনসিংহ/বগুড়া/নারায়ণগঞ্জ/গাজীপুর সিটি কর্পোরেশন।
৬। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/কুমিল্লা/ময়মনসিংহ/বগুড়া/নারায়ণগঞ্জ/গাজীপুর সিটি কর্পোরেশন।

স্মারক নং-৪৬.০০.০০০০.১০৭.০৫.০০৮.২৪-১৮২

তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩৩ / ০৯ আগস্ট, ২০২৬

**সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৫. অফিস কপি।

০৯/০৮/২০২৬

মো: রবিউল ইসলাম
যুগ্মসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
নগর উন্নয়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**বিষয়: সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ে গঠিত "টাস্কফোর্স কমিটি"-র সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মীর শাহে আলম, এমপি<br>মাননীয় প্রতিমন্ত্রী<br>স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২১ জুলাই, ২০২৬; সকাল ১১:০০ ঘটিকা |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ (কক্ষ নং ৬০১), স্থানীয় সরকার বিভাগ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অনুমতিক্রমে স্থানীয় সরকার বিভাগের সচিব জনাব মো: শহীদুল হাসান সভা শুরু করেন। তিনি বলেন যে, "ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ক জাতীয় কমিটি"-এর ২০২৬ সালের প্রথম সভার সিদ্ধান্ত মোতাবেক গঠিত "টাস্ক ফোর্স কমিটি"র প্রথম সভার আয়োজন করা হয়েছে। এ পর্যায়ে তিনি স্বাগত বক্তব্য প্রদান করার জন্য মাননীয় প্রতিমন্ত্রী ও সভার সভাপতিকে অনুরোধ জানান।

০২। মাননীয় প্রতিমন্ত্রী সভায় উপস্থিত এবং Zoom App এর মাধ্যমে সংযুক্ত সিটি কর্পোরেশনসমূহের মেয়র/ প্রশাসকগণ, প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, প্রধান স্বাস্থ্য কর্মকর্তাগণ এবং সাংবাদিকবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন "ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ক জাতীয় কমিটি"-এর ২০২৬ সালের ১ম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য এ সভার আয়োজন করা হয়েছে। এরপর তিনি স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ শাখা)-কে সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০৩। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান সংক্রান্ত ২৩ জুন, ২০২৬ তারিখে "ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ক জাতীয় কমিটি"-এর ২০২৬ সালের প্রথম সভার সিদ্ধান্ত মোতাবেক মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নেতৃত্বে ১৯ সদস্য বিশিষ্ট একটি "টাস্ক ফোর্স কমিটি" গঠন করা হয়েছে। তিনি জাতীয় কমিটি-র ২০২৬ সালের প্রথম সভায় সিটি কর্পোরেশন সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ উপস্থাপন করেন। এরপর সভাপতির অনুমতিক্রমে জাতীয় কমিটি-র ২০২৬ সালের প্রথম সভার সিদ্ধান্ত মোতাবেক সিটি কর্পোরেশনের গৃহীত পদক্ষেপ/ কার্যক্রম উপস্থাপন করার জন্য সকলকে অনুরোধ জানানো হয়।

০৪। প্রশাসক, বরিশাল সিটি কর্পোরেশন বলেন, জুন-জুলাই ২০২৬ মাস মশক নিধন মাস হিসেবে ঘোষণা করে মশক নিধন কার্যক্রম শুরু করা হয়েছে। জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট কর্মকর্তা ও শিক্ষকদের নিয়ে সচেতনতামূলক র‍্যালি করা হয়েছে। ২০ হাজার সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়েছে। প্রতিদিন মশার ঔষধ স্প্রে করা হচ্ছে। ওয়ার্ড ভিত্তিক জরুরি টিম গঠন করা হয়েছে। খাল ও ড্রেন পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান চলমান আছে। সচেতনতা ও মনিটরিং কার্যক্রম চলমান আছে।

০৫। প্রশাসক, গাজীপুর সিটি কর্পোরেশন বলেন, শহরকে ডেঙ্গুমুক্ত করার জন্য লিফলেট ও সচেতনতামূলক কার্যক্রম চলমান আছে। ড্রেন ও নালা পরিষ্কার করা হয়েছে। বাড়ির আঙ্গিনা পরিষ্কার করার জন্য নগরবাসিকে নির্দেশনা দেয়া হয়েছে। এখন পর্যন্ত ১৭৩ জন ডেঙ্গু রোগী সনাক্ত হয়েছে। যে সমস্ত বাড়ি সনাক্ত করা হয়েছে সেখানে ফগিং করা হচ্ছে। এছাড়াও প্রতিদিন ফগার মেশিন দিয়ে সিটি কর্পোরেশন এলাকায় ফগিং করা হচ্ছে।

০৬। মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন বলেন, ডেঙ্গু প্রতিরোধে ব্যাপক কার্যক্রম চলমান রয়েছে। ডেঙ্গু প্রতিরোধের জন্য BTI নামক ঔষধ ব্যবহার করা হচ্ছে। ফলে ডেঙ্গু রোগীর সংখ্যা কমেছে। রেডক্রিসেন্ট সোসাইটি ডেঙ্গু প্রতিরোধে কাজ করছে। লিফলেট বিতরণসহ প্রচার-প্রচারণা কার্যক্রম চলমান আছে। মশক কর্মী নিয়োগ দেয়া হয়েছে এবং তাদের ০৩ (তিন) দিনের প্রশিক্ষণ দেয়া হয়েছে। মোবাইল কোর্ট পরিচালনা জন্য ১০ জন ম্যাজিস্ট্রেট রয়েছে। আগামী মাস থেকে জরিমানার আওতায় আনা হবে।

০৭। প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন বলেন, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় অনেক খাল, নালা ও ডোবা রয়েছে। এসব খাল, নালা ও ডোবার কচুরিপানা পরিষ্কার করা হয়েছে। সিটি কর্পোরেশন এলাকায় এ বছর ডেঙ্গু রোগি সনাক্তের হার কম। মে মাসে ৩ জন এবং জুন মাসে ২ জন ডেঙ্গু রোগে আক্রান্ত হয়েছে। মশক কর্মীদের প্রশিক্ষণ দেয়া হয়েছে। ওয়ার্ডভিত্তিক বিশেষ কমিটি গঠন করা হয়েছে। কাঠের গুড়ার সাথে মিশিয়ে একটা বিশেষ ঔষধ ব্যবহার করা হচ্ছে। এটা খুবই মানসম্পন্ন। মনিটরিং কার্যক্রম চলমান আছে।

০৮। প্রশাসক, খুলনা সিটি কর্পোরেশন বলেন, মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর সাথে সভা করে খুলনা সিটি কর্পোরেশনে মশক নিধন কার্যক্রম শুরু করা হয়েছে। মসজিদের ইমাম, স্কুল কলেজ ও মাদ্রাসার শিক্ষদের নিয়ে সভা/ সেমিনার করা হয়েছে। জানুয়ারি-জুলাই ২০২৬ পর্যন্ত মোট ১৯৫ জন ডেঙ্গু আক্রান্ত হয়েছে। প্রতিদিন মনিটরিং করা হয় এবং তথ্য সংগ্রহ করা হয়। ডেঙ্গুর আবাসস্থল সনাক্ত করে ফগিং ও ঔষধ প্রয়োগ করা হয়। রেডক্রিসেন্ট সোসাইটি কাজ করছে। একটি টিম গঠন করা হয়েছে। খাল ও ডোবার কচুরপানা পরিষ্কার করা হয়েছে। ক্রাস প্রোগ্রাম পরিচালনা করা হয়েছে এবং মন্ত্রণালয়ের নির্দেশা অনুযায়ী মশক নিধন কার্যক্রম চলমান আছে।

০৯। প্রশাসক, সিলেট সিটি কর্পোরেশন বলেন, সচেতনতামূলক কার্যক্রম চলমান আছে। কর্মকর্তাগণ কাজ করছে। সচেতনতামূলক সেমিনার হয়েছে। মসজিদের ইমামগণ খুতবার আগে ডেঙ্গু সচেতনতামূলক বক্তব্য দিচ্ছে। বাড়ি বাড়ি গিয়ে বিশেষ অভিযান পরিচালনা করা হচ্ছে এবং ফগিং কার্যক্রম চলমান আছে।

১০। প্রশাসক, কুমিল্লা সিটি কর্পোরেশন বলেন, মশক নিধনের কর্মসূচি করা হয়েছে এবং চলমান আছে। গত এক সপ্তাহে ১২ জন ডেঙ্গু রোগী সনাক্ত করা হয়েছে। এখন পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে কোন রোগী মারা যায়নি। খাল, পুকুর ও ড্রেন পরিষ্কার করা হয়েছে। ডাস্টবিনে ময়লা ফেলার জন্য নগরবাসীকে নির্দেশনা দেয়া হয়েছে।

১১। প্রশাসক, বগুড়া সিটি কর্পোরেশন বলেন, পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান ও সচেতনতামূলক প্রচারণা চলমান আছে। ডেঙ্গু পরিস্থিতি ভালো। এখন পর্যন্ত ডেঙ্গু রোগে আক্রান্ত হয়ে কেউ মারা যায়নি।

১২। প্রশাসক, রংপুর সিটি কর্পোরেশন বলেন, ওয়ার্ডভিত্তিক দৈনিক মশক নিধন কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং ফগিং কার্যক্রম চলমান আছে। ড্রেন ও খালসমূহ পরিষ্কার পরিচ্ছন্নতার ব্যবস্থা করা হয়েছে। সচেতনতামূলক কার্যক্রম চলমান আছে। এক মাসের ক্রাস প্রোগ্রাম গ্রহণ করা হয়েছে। সচেতনতামূলক কার্যক্রমে যুব সমাজকে অন্তর্ভুক্ত করা হয়েছে। ডেঙ্গু পরিস্থিতি ভালো। এখন পর্যন্ত কোন ডেঙ্গু রোগি সনাক্ত হয়নি।

১৩। প্রশাসক, ময়মনসিংহ সিটি কর্পোরেশন বলেন, সচেতনতামূলক কার্যক্রম পরিচলনা করা হচ্ছে। প্রতিদিন সকালে ও বিকালে মশার ঔষধ স্প্রে করা হচ্ছে। সিটি কর্পোরেশনের ৪টি এলাকা পরিদর্শন করা হয়েছে এবং যেখানে এডিস মশার লার্ভা পাওয়া গেছে। তাদের জরিমানা করা হয়েছে। মে মাসে ৪ জন, জুন মাসে ৮ জন এবং জুলাই মাসে ৫৬ জন ডেঙ্গু রোগি সনাক্ত করা হয়েছে। যার মধ্যে ১৯ জন সিটি কর্পোরেশনের বাসিন্দা বাকিরা অন্য এলাকা থেকে এসেছে।

১৪। প্রশাসক, রাজশাহী সিটি কর্পোরেশন বলেন, সমস্ত জলাশয়, ড্রেন ও খালসমূহ পরিষ্কার করা হয়েছে। ১৫ দিনের ক্রাস প্রোগ্রাম পরিচালনা করা হয়েছে। ৪৩২ জন নাগরিককে সিটি সেন্টারে ডেঙ্গু পরীক্ষা করা হয়। ডেঙ্গুমুক্ত মহানগরী করার প্রত্যয়ে কাজ করা হচ্ছে।

১৫। প্রকল্প পরিচালক, "ইম্প্রুভমেন্ট অব আরবান পাবলিক হেলথ প্রিভেন্টিভ সার্ভিসেস প্রজেক্ট (IUPHPS)" শীর্ষক প্রকল্প বলেন, বর্ণিত প্রকল্পে মোট ৫ টি কম্পোনেন্ট রয়েছে। এর মধ্যে একটি হলো Vector (মশা) Management শক্তিশালীকরণ। এই কম্পোনেন্টের লক্ষ্য হলো- স্থানীয় সরকার বিভাগের আওতাধীন ঢাকা মশক নিবারণী দপ্তরে ইন্টিগ্রেটেড ভেক্টর ম্যানেজমেন্ট ইউনিট (IVMU) স্থাপন, এডিস মশা শনাক্ত করার জন্য IVMU এর অধীনে একটি কেন্দ্রীয় কীটতত্ত্ব ল্যাব স্থাপন, ডেঙ্গু ভাইরাস সনাক্তকরণের জন্য বায়োলজিক্যাল ল্যাবে রিভার্স ট্র্যান্সক্রিপ্টেজ-পলিমারেজ চেইন রি-অ্যাকশন ডিভাইজ স্থাপন, একটি প্রশিক্ষণ ল্যাব স্থাপন এবং ইন্টিগ্রেটেড ভেক্টর ম্যানেজমেন্ট (IVM) এর অধীনে লার্ভা/পিউপা এবং প্রাপ্তবয়স্ক মশা নিয়ন্ত্রণের জন্য লার্ভিসাইড এবং এডাল্টিসাইডের পাশাপাশি স্প্রে এবং ফগিংয়ের জন্য সরঞ্জাম সংগ্রহ করা। ইতোমধ্যে প্রকল্পের জনবলের প্রশিক্ষণ সমাপ্তির পর জনবলসমূকে প্রকল্পের আওতাভুক্ত ৩টি সিটি কর্পোরেশন ও ২টি পৌরসভায় পদায়ন করা হয়েছে।

১৬। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ, সভাকে অবহিত করেন যে, "ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ক জাতীয় কমিটি"-এর ২৩ জুন ২০২৬ সালের প্রথম সভার সিদ্ধান্ত মোতাবেক গঠিত টাস্ক ফোর্স কমিটির সভাপতি, মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, চেয়ারম্যান, রাজউক ও টাস্ক ফোর্স এর সদস্যগণ এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের কর্মকর্তাগণসহ ২৫ জুন ২০২৬ তারিখ বৃহস্পতিবার সকাল ৯:০০ টায় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অন্তর্ভুক্ত ঝিগাতলা এলাকায় গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত বি ও সি টাইপের দুইটি সরকারি কোয়ার্টার, ২৬ জুন ২০২৬ তারিখ শুক্রবার সকাল ৯:০০ টায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অন্তর্ভুক্ত রোড নং-২২, বনানী এলাকায় গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত একটি সরকারি কোয়ার্টার, বনানী ২৬ নং রোডে অবস্থিত রাজউক কোয়ার্টার ও বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত একটি সরকারি কোয়ার্টার সরেজমিন পরিদর্শন করা হয়েছে। এছাড়া পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। তিনি আরও বলেন, সিটি কর্পোরেশন এলাকায় ফগিং কার্যক্রম এর মনিটরিং আরও জোরদার করা প্রয়োজন। ফগার মেশিনগুলো যথাযথভাবে ব্যবহার করতে হবে। ডেঙ্গুর হটস্পটসমূহ চিহ্নিত করে মশার প্রজননস্থল ধ্বংস, পরিচ্ছন্নতা অভিযান, লার্ভা নিয়ন্ত্রণ এবং পরিবেশ ব্যবস্থাপনা কার্যক্রম জোরদার করতে হবে।

১৭। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন বলেন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে বসবাসকারী ১ কোটি ৩০ লক্ষ জনসংখ্যার মধ্যে জুন মাসে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা ২৩ জুন। জুলাই থেকে আগস্ট পর্যন্ত মশক নিধন সংক্রান্ত একটি কর্ম পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। রোগীর ঠিকানা সংগ্রহ করার কার্যক্রম চলমান আছে। মশক কর্মীদের ২ (দুই) দিনের প্রশিক্ষণ দেয়া হয়েছে। বস্তি এলাকাকে টার্গেট করে ২০-২২ জুলাই প্রোগ্রাম করা হবে। নার্সারি, হাসপাতাল ও প্রতিটি ওয়ার্ডে প্রোগ্রাম করা হয়েছে। প্রতি শনিবার একটি বিশেষ প্রোগ্রাম করা হয়। যার প্রতিপাদ্য বিষয় হলো "শনিবারের অঙ্গীকার, বাসাবাড়ি পরিষ্কার"। এছাড়া ডেঙ্গু সচেতনতামূলক প্রচারণায় সোস্যাল মিডিয়াকে সংযুক্ত করা হয়েছে।

১৮। সচিব, স্থানীয় সরকার বিভাগ বলেন, "ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ক জাতীয় কমিটি"-এর ২০২৬ সালের প্রথম সভার সিদ্ধান্ত মোতাবেক জনসচেতনতা বৃদ্ধি করা হয়েছে। ভবন বা বাসাবাড়িতে ফুলের টবে জমে থাকা পানিতে এডিস মশার জন্ম হয় এবং সেখান থেকে দ্রুত ছড়িয়ে পড়ে। পরিদর্শন কার্যক্রম জোরদার করতে হবে। মশক কর্মীদের সঠিকভাবে কাজ করার জন্য নির্দেশনা দিতে হবে। ডোর - ডোর পরিষ্কার-পরিচ্ছন্নতার অভিযান চালু করতে হবে।

১৯। সভাপতি ও মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বলেন, প্রশাসকদের দূরদর্শিতায় খাল ও ড্রেন পরিষ্কার করা হচ্ছে। এজন্য তিনি সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। এডিস মশা নিধনের সাথে সাথে এডিসের লার্ভা যাতে বংশবৃদ্ধি করতে না পারে সেজন্য পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা এবং মশার উৎপত্তিস্থল চিহ্নিত করে তা ধ্বংস করতে হবে। সিটি কর্পোরেশনের কর্মকর্তা ছাড়াও স্বেচ্ছাসেবক টিম গঠন করতে হবে। সচেতনতামূলক কার্যক্রম জনগণের কাছে পৌঁছাতে হবে। পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়টি গুরুত্ব দিতে হবে। সিটি কর্পোরেশনের শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে টার্গেট করে স্কুল, কলেজ ও মাদ্রাসার ছাত্রছাত্রীদের নিয়ে বাড়ি বাড়ি গিয়ে ছাদ, টব ও ড্রেন পরিষ্কার-পরিচ্ছন্নতার অভিযান পরিচালনা করতে হবে। নিয়মিত জমানো পানিতে লার্ভা বিরোধী ট্যাবলেটসহ এডিস লার্ভা নিরোধী অন্যান্য কীট ব্যবহার করতে হবে। জনসচেতনতা বৃদ্ধির জন্য লিফলেট বিতরণ করতে হবে। নির্মাণাধীন বাড়ি, বহুতল ভবনসমূহের বেজমেন্ট এর পরিষ্কার-পরিচ্ছন্নতার অভিযান পরিচালনা করতে হবে। এডিস মশার লার্ভা পাওয়া গেলে স্টিকার লাগাতে হবে এবং প্রয়োজনে মোবাইল কোর্টের মাধ্যমে জরিমানার আওতায় আনতে হবে।

২০। সার্বিক আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। | এডিস মশা নিধনের সাথে সাথে এডিসের লার্ভা যাতে বংশবৃদ্ধি করতে না পারে সেজন্য পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা এবং মশার উৎপত্তিস্থল চিহ্নিত করে তা ধ্বংস করার লক্ষ্যে সিটি কর্পোরেশনের কর্মকর্তা ছাড়াও স্বেচ্ছাসেবক টিম গঠন করতে হবে। | ১। সিটি কর্পোরেশন (সকল) |
| ২। | পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়টি গুরুত্ব দিতে হবে। সেই সাথে সচেতনতামূলক কার্যক্রম জনগণের কাছে পৌঁছাতে হবে। সিটি কর্পোরেশনের সকল শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে সংযুক্ত করে স্কুল, কলেজ ও মাদ্রাসার ছাত্রছাত্রীদের নিয়ে সচেতনতা বৃদ্ধি করতে হবে এবং নমুনা হিসেবে কিছু কিছু বাড়ি গিয়ে ছাদ, টব ও ড্রেন পরিষ্কার-পরিচ্ছন্নতার অভিযান পরিচালনা করতে হবে। | ১। সিটি কর্পোরেশন (সকল) |
| ৩। | নিয়মিত জমানো পানিতে লার্ভা বিরোধী ট্যাবলেটসহ এডিস লার্ভা নিরোধী অন্যান্য কীট ব্যবহার করতে হবে। | ১। সিটি কর্পোরেশন (সকল) |
| ৪। | জনসচেতনতা বৃদ্ধির জন্য লিফলেট বিতরণ করতে হবে। নির্মাণাধীন বাড়ি, বহুতল ভবনসমূহের বেজমেন্ট এর পরিষ্কার-পরিচ্ছন্নতার অভিযান পরিচালনা করতে হবে। এডিস মশার লার্ভা পাওয়া গেলে স্টিকার লাগাতে হবে এবং প্রয়োজনে মোবাইল কোর্টের মাধ্যমে জরিমানার আওতায় আনতে হবে। | ১। সিটি কর্পোরেশন (সকল) |
| ৫। | সিটি কর্পোরেশন এলাকায় ফগিং কার্যক্রম এর মনিটরিং আরও জোরদার করতে হবে। ফগার মেশিনগুলো যথাযথভাবে ব্যবহার করতে হবে। | ১। সিটি কর্পোরেশন (সকল) |
| ৬। | ডেঙ্গুর হটস্পটসমূহ চিহ্নিত করে মশার প্রজননস্থল ধ্বংস, পরিচ্ছন্নতা অভিযান, লার্ভা নিয়ন্ত্রণ এবং পরিবেশ ব্যবস্থাপনা কার্যক্রম জোরদার করতে হবে। | ১। সিটি কর্পোরেশন (সকল) |

২১। আলোচনা শেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬-৪-২৩

মীর শাহে আলম, এমপি
প্রতিমন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়